

বিজ্ঞপ্তি নম্বর.....৩০১৪

তারিখ.....১৩/১০/১৭

২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৫/১০/২০১৭ (রবিবার) হতে ১৮/১০/২০১৭ (বুধবার) পর্যন্ত (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত কলেজ অফিসের ক্যাশ শাখা হতে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহপূর্বক কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় প্রয়োজনীয় ফি জমা দিতে হবে। পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ ঐ দিনই পরীক্ষা কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো। ফরম পূরণের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/degree-pass) অথবা কলেজের ওয়েব সাইট (www.ccr.gov.bd) হতে জানা যাবে।

২০১৬ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী)

ক্রমিক নম্বর	বর্ষ	বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	মোট টাকা
০১	৩য় বর্ষ প্রাইভেট	১৪০০/-	৪৫০/-	৫০/-	১৯০০/-
০২	৩য় বর্ষ সার্টিফিকেট কোর্স	৭০০/-	৪৫০/-	৫০/-	১২০০/-

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

- ২০১৩-১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্ব্যক্তিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৩-১৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।


অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

আবেদন ফরমের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

- ০১। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ০২। ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- ০৩। ২য় বর্ষ পরীক্ষার ফলাফল সীটের ফটোকপি।
- ০৪। দুই কপি পার্সপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, ইনকোর্স পরীক্ষা আগামী ১২/১০/২০১৭ তারিখ মঙ্গলবার দুপুর ১২.০০ টায় অনাদ্যমোহন হলে অনুষ্ঠিত হবে। ইনকোর্স পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা পরীক্ষা কমিটির নিকট জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।


অধ্যক্ষ

স্মারক নম্বরঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। উপাধ্যক্ষ, এই কলেজ
- ২। আহ্বায়ক, ডিগ্রী ৩য় বর্ষ পরীক্ষা কমিটি-২০১৬, এই কলেজ
- ৩। ম্যানেজার, জনতা ব্যাংক লালবাগ বাজার শাখা, রংপুর
- ৪। সংরক্ষণ নথি।

কারমাইকেল কলেজ, রংপুর।
প্রফেসর ড. মোঃ আব্দুল লতিক মিয়া (১১৭৭)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।